

সীমিত



সদর দপ্তর  
বাংলাদেশ কোস্ট গার্ড  
আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শের-ই-বাংলা নগর ঢাকা-১২০৭

ফোন : ০১৭৬৯৪৪০৭১৩

০২ ভদ্র ১৪২৮

৩৭ আগস্ট ২০২১

৪৪.০৮.২৬৮০.০৬০.৪৫.০০১.২১. ২৬৬৭)

জনাব

২০২১-২০২২ অর্থবছরের জন্য বাংলাদেশ কোস্ট গার্ডে সরবরাহকারী হিসাবে তালিকাভুক্তি করণ প্রসঙ্গে

১। বাংলাদেশ কোস্ট গার্ডে ২০২১-২০২২ অর্থবছরের জন্য আপনার প্রতিষ্ঠানকে ক/খ/গ শ্রেণীভুক্ত সরবরাহকারী হিসাবে তালিকাভুক্তি করা হলো।

২। অত্র দপ্তরের তালিকাভুক্ত সরবরাহকারী হিসাবে নিম্নলিখিত শর্তাবলী মেনে চলতে হবে :

- ক। তালিকাভুক্তি সংক্রান্ত সরকারি বিধি নিষেধ, দরপত্রের ক্ষেত্রে সরকারি ক্রয় নীতিমালা এবং কোস্ট গার্ড কর্তৃক আরোপিত শর্তাবলী মেনে চলতে হবে।
- খ। তালিকাভুক্তির মেয়াদ ৩০ জুন ২০২২ পর্যন্ত বহাল থাকবে এবং নবায়নের জন্য পুনঃ আবেদন করতে হবে। অর্থবছরের মধ্যে কোন টেন্ডার কার্যে অংশগ্রহণ না করলে তালিকাভুক্তি বাতিল করা যেতে পারে।
- গ। পাবলিক প্রকিউরমেন্ট বিধি-২০০৮ অনুযায়ী সকল উন্মুক্ত দরপত্রের জন্য নির্ধারিত বিধি মোতাবেক দরপত্রে জামানত বা টেন্ডার সিকিউরিটি প্রয়োজ্য ক্ষেত্রে প্রদান করতে হবে।
- ঘ। পাবলিক প্রকিউরমেন্ট বিধি- ২০০৮ এর বিধি- ৬৫(৫) মোতাবেক সীমিত দরপত্রে তালিকাভুক্ত সরবরাহকারীদের জন্য টেন্ডার সিকিউরিটি আবশ্যিক নয়। তবে অত্র সংস্থা পরিস্থিতি অনুযায়ী টেন্ডার সিকিউরিটির ব্যাপারে সুনির্দিষ্ট সিদ্ধান্ত প্রদান করবেন।
- ঙ। প্রতিযোগিতামূলক টেন্ডারে অংশগ্রহণের মাধ্যমে কোন কার্যাদেশ প্রাপ্ত হলে উক্ত কার্যাদেশ সাবকন্ট্রাক্ট/হস্তান্তর করা যাবে না। যে কোন কাজ সাবকন্ট্রাক্ট/হস্তান্তর করার ব্যাপারে সুনির্দিষ্ট অভিযোগ পাওয়া গেলে কার্যাদেশ বাতিলসহ তালিকাভুক্তি বাতিল করা হবে।
- চ। অন্য কোন সরকারি, আধা-সরকারি এবং স্বায়ত্ত শাসিত প্রতিষ্ঠান কর্তৃক আপনার প্রতিষ্ঠান কালো তালিকাভুক্তি হয়ে থাকলে/হলে অত্র সংস্থার তালিকাভুক্তি বাতিল করা হবে।
- ছ। অত্র দপ্তরে বিভিন্ন স্তরে নিয়োজিত সকল কর্মকর্তা ও কর্মচারীদের সহিত কোন প্রকার অসদাচরণ, কিংবা সরকারি আচরণ বিধির পরিপন্থি কার্যকলাপ পরিলক্ষিত হলে তালিকাভুক্তি বাতিল করা হবে।
- জ। অত্র দপ্তরের মাধ্যমে বাস্তবায়িতব্য যে কোন কাজের দরপত্র দলিল ক্রয় এবং দাখিলের সময় প্রত্যক্ষ/পরোক্ষভাবে বাধার সৃষ্টি করলে অত্র সংস্থার তালিকাভুক্তি বাতিল করা হবে।
- ঝ। তালিকাভুক্ত প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে সকল কাজ বাস্তবায়নে কর্তৃপক্ষ বাধ্য নহে। জরুরি/বিশেষ ধরনের কোন কাজে তালিকাভুক্ত/প্রকৃত প্রতিষ্ঠান সমূহের মধ্য হতে সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত পূর্বক অথবা নতুনভাবে প্রিকোয়ালিফিকেশন যাচাই করে যে কোন কাজ বাস্তবায়ন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ঞ। আইন শৃঙ্খলার পরিপন্থি কোন কাজ করলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ট। আপনার প্রদত্ত তথ্যাবলি ভুল প্রমাণিত হলে তালিকাভুক্তি বাতিল করা হবে এবং সরকারি বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। উপরোক্ত শর্ত সাপেক্ষে আপনার প্রতিষ্ঠানকে বাংলাদেশ কোস্ট গার্ডে সরবরাহকারী হিসাবে তালিকাভুক্তি করা হলো। এ বিষয়ে বিস্তারিত জানার জন্য বাংলাদেশ কোস্ট গার্ড লজিস্টিক্স পরিদপ্তরের সাথে যোগাযোগ করা যেতে পারে।

শ্রীমতৌহিদুল ইসলাম  
লেঃ কমান্ডার বিএন  
পক্ষে পরিচালক

প্রতি :

-----  
-----  
-----